

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭৬৩

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (১ ট্রাটন)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - বিচারকার্য এবং সাক্ষ্যদান

بَابُ الْأَقْضِيَةِ وَالشَّهَادَاتِ

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى الله عَلَيْهِ وَسلم قضى بِيَمِين وَشَاهد. رَوَاهُ مُسلم

বাংলা

৩৭৬৩-[৬] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি কসম ও এক সাক্ষীর মাধ্যমে বিচার-ফায়সালা করেছেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৭১২, আবূ দাউদ ৩৬০৮, আহমাদ ২২২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে বিচারকার্যে সাক্ষী প্রয়োজন দু'জন যদি একজন না পাওয়া যায়, তাহলে শপথ দ্বারা এক সাক্ষীর ঘাটতি পূরণ করতে হবে। এটা বুঝা যায় যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে বাস্তবায়ন করে দেখিয়েছেন।

আল্ মুযহির বলেনঃ অত্র হাদীসে বাদীর সাক্ষী ছিল একজন তাই তাকে নাবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শপথ করতে বললেন যাতে তার এক সাক্ষীর ঘাটতি পূর্ণ হয়। এ শপথটি তার একজন সাক্ষীর পরিবর্তে। সুতরাং যখন সে শপথ করল তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পক্ষে রায় দিলেন। এ মতই পোষণ করেছেন ইমাম শাফি'ঈ, মালিক এবং ইমাম আহমাদ বিন হাম্বল (রহঃ)। অপরদিকে ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) বলেছেন, একজন সাক্ষী আর একটি শপথের মাধ্যমে ফায়সালা বৈধ নয় বরং দু'জন সাক্ষী আবশ্যক। যেহেতু মহান আল্লাহ বলেনঃ "তোমরা দু'জন সাক্ষী সন্ধান কর যদি না পাও তাহলে একজন পুরুষ ও দু'জন নারী"- (সূরা আল বাকারা ২ : ২৮৬)। (শারহে মুসলিম ১২শ খন্ড, হাঃ ১৭১২; 'আওনুল মা'বূদ ৬ঠ খন্ড, হাঃ ৩৬০৭; মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন